# যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ 44

১/ বিবিধ

আরবী

من أحدث ولم يتوضأ فقد جفاني، ومن توضأ ولم يصل فقد جفاني، ومن صلى ولم يَدْعُني فقد جفاني، ومن دعاني فلم أجبه فقد جفيته، ولست برب جاف

موضوع

قاله الصغاني (6) وغيره

ومما يدل على وضعه أن الوضوء بعد الحدث، والصلاة بعد الوضوء إنما ذلك من المستحبات، والحديث يفيد أنهما من الواجبات لقوله: " فقد جفاني " وهذا لا يقال في الأمور المستحبة كما لا يخفى ومثله

বাংলা

44। যে ব্যাক্তি মল-মুত্র ত্যাগ করল, অতঃপর উযূ (ওজু/অজু/অযু) করল না সে আমার সাথে কর্কশ আচরণ করল। যে ব্যাক্তি উযূ (ওজু/অজু/অযু) করল, অতঃপর সালাত (নামায/নামাজ) আদায় করল না সে আমার সাথে কর্কশ আচরণ করল। যে ব্যাক্তি সালাত (নামায/নামাজ) আদায় করল, অতঃপর আমাকে ডাকলো না, সে আমার সাথে কর্কশ আচরণ করল। যে ব্যাক্তি আমাকে ডাকলো আর আমি তার ডাকে সারা দিলাম না তার সাথে আমি রুঢ় আচরণ করলাম। অথচ আমি রুঢ় আচরণকারী প্রতিপালক নই।

হাদীসটি জাল।

সাগানী (পৃঃ ৬) ও অন্যরা এ কথাই বলেছেন।

হাদীসটি বানোয়াট হওয়ার প্রমাণ এই যে, মল-মূত্র ত্যাগ করার পর ওযু করা এবং ওযুর পরে সালাত আদায় করা মুস্তাহাব কাজের অন্তর্ভুক্ত অথচ হাদিসটি ইঙ্গিত দিচ্ছে যে, এ দু’টো ওয়াজিবের অন্তর্ভুক্ত فقد جفاني ’আমার সাথে

কর্কশ আচরণ করল’ এ কথার কারণে। অথচ এটি কোন অজানা কথা নয় যে, এসব কর্ম মুসতাহাবের অন্তর্ভুক্ত।

নিম্নের হাদীসটি উপরের হাদীসের ন্যায়। (দেখুন পরেরটি)

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=5305

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন